Bangladesh Competition Commission

# প্রতিযোগিতা সাময়িকী

বর্ষ ৩ । সংখ্যা ৭ । এপ্রিল ২০২২ । চৈত্র-বৈশাখ ১৪২৮-২৯

## প্রতিযোগিতা সাময়িকীর ৭ম সংস্করণ প্রকাশ

দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা বজায় রাখার লক্ষ্যে প্রতিষ্ঠালগ্ন থেকেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। মুক্ত বাজার ব্যবস্থায় বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা থাকলে অর্থনীতি ও জনগণের সর্বাধিক কল্যাণ নিশ্চিত হয়। বাজরে যথাযথ প্রতিযোগিতা নিশ্চিত করতে পারলে দেশে পণ্যের দাম কমে আসবে। বিশেষ করে নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণীর ভোক্তা সাধারণের ভোগ্যপণ্যের মূল্য অনেকাংশে কমে আসবে। এতে দরিদ্র মানুষের ব্যয় কমবে যা তাদের দারিদ্রসীমা থেকে বেরিয়ে আসতে সহায়তা করবে। দেশের অর্থনৈতিক উন্নয়নে গতিসঞ্চার করার লক্ষ্যে বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরুপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহকে নির্মূল করে প্রতিযোগিতাকে উৎসাহিত করা ও বজায় রাখা এবং ব্যবসা-বাণিজ্যের স্বাধীনতা বিষয়ে সকলকে সচেতন করার লক্ষ্যে দেশের বিভিন্ন বিভাগ ও জেলায় বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসনের সহযোগিতায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এ্যাডভোকেসি কার্যক্রম জোরদার করেছে। কমিশন সকল অংশীজনকে সচেতন করা এবং প্রতিযোগিতা আইনের সুফল সম্পর্কে জনগণকে অবহিত করার লক্ষ্যে সমগ্র দেশব্যাপী বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রম, সভা, সেমিনার, ওয়ার্কশপ, রচনা প্রতিযোগিতা প্রভৃতি নিয়মিত আয়োজন করছে। এছাড়াও কমিশন বিশ্বের বিভিন্ন দেশের প্রতিযোগিতা আইন ও প্রতিযোগিতা সংশ্লিষ্ট উত্তম চর্চাসমূহ বিবেচনায় নিয়ে কমিশনের ভবিষ্যত করণীয় এবং পলিসি প্রণয়নের কাজ শুরু করেছে। পাশাপাশি বেশ কয়েকটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিযোগিতা পরিপন্থী অভিযোগের প্রেক্ষিতে অনুসন্ধান, তদন্ত ও মামলা কার্যক্রম পরিচালনা, কয়েকটি মামলার রায় প্রদান এবং নিজস্ব জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছে। বিগত ফেব্রুয়ারি ২০২২ থেকে এপ্রিল ২০২২ পর্যন্ত বিভিন্ন বিভাগের কার্যক্রমের অংশ হিসেবে কমিশন "প্রতিযোগিতা সাময়িকী"-এর ৭ম সংখ্যা প্রকাশ করেছে।

## কমিশন কর্তৃক মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

বায়ান্ন এর ভাষা শহিদদের আত্মোৎসর্গকে স্মরণ করে ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের নেতৃত্বে সকল ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণ করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্যগণ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।





শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কমিশন কর্তৃক ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণ

## Meeting on Voluntary Peer Review of The Competition Act, ২০১২ বিষয়ক সভা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে Meeting on Voluntary Peer Review of The Competition Act, 2012 বিষয়ক সভা বিগত ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। বিভিন্ন দেশের অভিজ্ঞতা ও উত্তম চর্চাসমূহের আলোকে প্রতিযোগিতা আইন, ২০১২ কে আরো যুগোপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিগত ০৩ মে ২০২১ তারিখের ৭ম সভায় UNCTAD কর্তৃক Voluntary Peer Review-র বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।




Meeting on Voluntary Peer Review of the Competition Act, 2012 বিষয়ক সভা

## ফার্মাসিউটিক্যাল সেক্টরের কার্যক্রম সম্পর্কে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে মতবিনিময় সভা

দেশের ফার্মাসিউটিক্যাল সেক্টর সম্পর্কে ধারণা নেওয়ার জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে একটি মতবিনিময় সভা বিগত ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির ও জনাব নাসরিন বেগম এবং কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও সভায় অংশগ্রহণ করেন বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব তানভীর আহমেদ, ঔষধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক মোহাম্মদ মোজাম্মেল হোসেন, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর উপ-কর কমিশনার জনাব ফরিদ আল মামুন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক জনাব মোহাম্মদ মামুন, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) উপপরিচালক জনাব মোঃ ফরহাদ হোসেন, কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএমডি) এর সহকারী পরিচালক (প্রশাসন) ড. তানভীর আহমেদ চৌধুরী, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির জেনারেল ম্যানেজার জনাব আবু তাহেরসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ।





ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে ফার্মাসিউটিক্যাল সেক্টরের কার্যক্রম সম্পর্কিত মতবিনিময় সভা

## ভোজ্যতেলের বাজারমূল্য পর্যালোচনা, বিশ্লেষণ ও আশু করণীয় নির্ধারণ বিষয়ক সভা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে সাম্প্রতিককালে দেশের ভোজ্যতেলের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধির প্রেক্ষিতে ভোজ্যতেলের বাজারমূল্য পর্যালোচনা, বিশ্লেষণ ও আশু করণীয় নির্ধারণ বিষয়ক একটি মতবিনিময় সভা বিগত ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩:০০ টায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় অংশগ্রহণ করেন বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব এ কে এম আলী আহাদ খান, জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব জনাব জুবাইদা নাহার, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) উপপরিচালক জনাব মোঃ ফরহাদ হোসেন, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা মহিনুল রহিম খন্দকার, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর সহকারী নির্বাহী জনাব মোঃ নাসিরউদ্দিন তালুকদার, সেনাকল্যাণ সংস্থার অবসরপ্রাপ্ত মেজর জনাব সুলায়মান, সিটি গ্রুপের জেনারেল ম্যানেজার জনাব এ কে এম কামারুজ্জামান, গ্লোব এডিবল অয়েল লিমিটেডের জেনারেল ম্যানেজার জনাব কাজী মোতাহের উদ্দীন, টিকে গ্রুপের সহকারী জেনারেল ম্যানেজার জনাব ড. এফ এম জাবেদ, মেঘনা গ্রুপ অব লিমিটেডের উপ-পরামর্শক জনাব মোঃ সফিউর রহমানসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ। উক্ত সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ভোজ্যতেলের বাজারমূল্য পর্যালোচনা, বিশ্লেষণ ও আশু করণীয় নির্ধারণ বিষয়ক মতবিনিময় সভা

## UNCTAD কর্তৃক প্রতিযোগিতা আইন, 2012 এর Voluntary Peer Review সংক্রান্ত সভা আয়োজন

UNCTAD কর্তৃক প্রতিযোগিতা আইন, ২০১২ এর Voluntary Peer Review কার্যক্রম গ্রহণের প্রেক্ষিতে UNCTAD Consultant এবং Fact Finding Mission বিভিন্ন অংশীজনের সঙ্গে ১ মার্চ ২০২২ তারিখ থেকে ১০ মার্চ ২০২২ পর্যন্ত সময়ে ভার্চুয়ালি এবং সরাসরি আলোচনা করেন এবং তাঁদের মতামত গ্রহণ করেন।

বাংলাদেশের প্রেক্ষাপটে প্রতিযোগিতা আইনটি তুলনামূলকভাবে নতুন এবং অনেক অংশীজন এ আইন এবং আইনবলে প্রতিষ্ঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে সার্বিকভাবে অবহিত না থাকায় UNCTAD এর Consultant এবং Fact Finding Mission এর সঙ্গে আলোচনার পূর্বে আইনটি Review করার প্রয়োজনীয়তা এবং যৌক্তিকতা সম্পর্কে অংশীজনগণকে অবহিত রাখা সমীচীন মর্মে অনুমিত হওয়ায় কমিশনের সভাকক্ষে বিগত ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ রোজ রবিবার সকাল ১১:০০ ঘটিকায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর Voluntary Peer Review বিষয়ক একটি জরুরি সভা অয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়,অর্থ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিআইডিএ), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, এসএমই ফাউন্ডেশন, বাংলাদেশ ব্যাংক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বিজনেস প্রমোশন কাউন্সিল, কনজ্যুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), দ্য ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ এবং মাইক্রো ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট এসিস্টেন্ট এন্ড সার্ভিস এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। উক্ত সভায় কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।

## UNCTAD কর্তৃক প্রতিযোগিতা আইন, ২০১২ এর Voluntary Peer Review কার্যক্রম

Competition Law & Policy বিষয়ে UNCTAD এ যাবত ৩০ টি সদস্য দেশে Voluntary Peer Review করেছে। বিভিন্ন দেশের অভিজ্ঞতা ও উত্তম চর্চাসমূহের আলোকে প্রতিযোগিতা আইন, ২০১২ কে আরো যুগোপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিগত ০৩ মে ২০২১ তারিখের ৭ম সভায় UNCTAD কর্তৃক প্রতিযোগিতা আইনের Voluntary Peer Review-র বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত কমিশনের ২৭ মে ২০২১ তারিখের প্রস্তাব বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ-৫ অধিশাখা হতে ২৭ জুন ২০২১ তারিখে কমার্শিয়াল কাউন্সিলর, বাংলাদেশ স্থায়ী মিশন, জেনেভা, সুইজারল্যান্ড বরাবর প্রেরণ করা হয়। জেনেভাস্থ বাংলাদেশ স্থায়ী মিশন থেকে প্রস্তাবটি যথাসময়ে UNCTAD বরাবর প্রেরণ করা হয়।

পরবর্তীতে, বিগত ০৭-০৯ জুলাই, ২০২১ তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় অনলাইনে এবং অফলাইনে অনুষ্ঠিত UNCTAD এর Intergovernmental Group of Experts (IGE) on Competition Law and Policy-র ১৯তম সভায় কমিশনের সম্মানিত চেয়ারপার্সন এবং বিজ্ঞ সদস্যবৃন্দ ভার্চুয়ালি এবং জেনেভাস্থ স্থায়ী মিশনে কর্মরত কমার্শিয়াল কাউন্সিলর সরাসরি অংশগ্রহণ করেন। বিগত ২৮ জুলাই ২০২১ তারিখে UNCTAD Secretariat এর আমন্ত্রণে Global Initiative Towards Post-Covid-19 Resurgence of the MSME Sector প্রজেক্টের একটি ভার্চুয়াল সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন, সদস্যবৃন্দ এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) এর ব্যবস্থাপনা পরিচালক এবং বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি অংশগ্রহণ করেন। উক্ত সভায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম প্রতিযোগিতা আইন, ২০১২ এর Voluntary Peer Review এবং করোনা পরিস্থিতিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশের লক্ষ্যে UNCTAD বরাবর কারিগরি সহায়তার প্রস্তাব করেন।

এরই ধারাবাহিকতায় UNCTAD কর্তৃক আয়োজিত একটি জরুরি ভার্চুয়াল সভা বিগত ০৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। এ সভায় UNCTAD এর পক্ষে Competition and Consumer Policies Branch এর প্রধান Ms. Teresa Moreira এবং Legal Affairs Official Dr. Pierre Horna সহ অন্যান্য কর্মকর্তাগণ এবং কমিশনের পক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন, এস এম ই ফাউন্ডেশন এর ব্যবস্থাপনা পরিচালক ড. মফিজুর রহমান, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মোঃ আবদুছ সামাদ আল আজাদ এবং জেনেভাস্থ স্থায়ী মিশনের কমার্শিয়াল কাউন্সিলর জনাব দেবব্রত চক্রবর্তী অংশগ্রহণ করেন। এ সভায় UNCTAD এর Global Initiative Towards Post-Covid-19 Resurgence of the MSME Sector প্রজেক্টের আওতায় সম্পূর্ণ বিনা খরচে UNCTAD কর্তৃক প্রতিযোগিতা আইন, ২০১২ এর Voluntary Peer Review এর কার্যক্রম গ্রহণ করা হয় এবং UNCTAD কর্তৃক Ms Ma Leonila Papa কে Independent Consultant হিসেবে নিয়োগ দেয়া হয়।



UNCTAD Consultant Ms Leni Papa এর সঙ্গে আয়োজিত বৈঠকে বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন



UNCTAD Consultant Ms Leni Papa এর সঙ্গে আয়োজিত বৈঠকে অংশগ্রহণকারীগন

পরবর্তীতে ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বাংলাদেশ সময় দুপুর ২:৩০ মিনিটে UNCTAD আরও একটি অনলাইন সভা আয়োজন করে। উক্ত সভায় UNCTAD কর্মকর্তাগণ, UNCTAD Consultant Ms Ma Leonila Papa, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন ও সদস্যবৃন্দ সহ বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ আবদুছ সামাদ আল আজাদ, শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ নুরুজ্জামান, এস এম ই ফাউন্ডেশন এর মহাব্যবস্থাপক মোঃ নাজিম হাসান সাত্তার, জেনেভাস্থ স্থায়ী মিশনের কমার্শিয়াল কাউন্সিলর জনাব দেবব্রত চক্রবর্তী এবং জনাব মাজেদুল ইসলাম UN Resident Co-ordination Office, Dhaka অংশগ্রহণ করেন।

Consultant Ms Leonila Papa এর সঙ্গে ১ মার্চ থেকে ৪ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত কমিশন, বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সংস্থাসহ অন্যান্য অংশীজনের ভার্চুয়ালি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে Independent Consultant ০৫ মার্চ, ২০২২ তারিখে স্বশরীরে বাংলাদেশ সফর করেন এবং ০৬ মার্চ, ২০২২ থেকে ১০ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত স্বশরীরে কমিশনসহ বিভিন্ন অংশীজনের সঙ্গে মতবিনিময়/সাক্ষাৎকার গ্রহণ করেন।

UNCTAD এর Independent Consultant এবং Fact Finding Mission সরেজমিন এবং ভার্চুয়ালি অংশীজনের মতামত গ্রহণ ও তথ্য সংগ্রহ শেষে UNCTAD সচিবালয়ে রিপোর্ট প্রদান করেন। UNCTAD Model Law এবং বৈশ্বিক বিভিন্ন প্রতিযোগিতা সংস্থার আইন ও উত্তম চর্চাসমূহের আলোকে প্রতিযোগিতা আইন, ২০১২ কে আরো যুগোপযোগী, হালনাগাদ এবং কার্যকর করার লক্ষ্যে উক্ত রিপোর্টে ৩১ টি সুপারিশ দেয়া হয়। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সঙ্গে পরামর্শক্রমে Competition Commission of India (CCI), Philippine Competition Commission (PCC) এবং Competition Commission of South Africa (CCSA) কে Voluntary Peer Reviewer হিসেবে UNCTAD দায়িত্ব প্রদান করে। আগামী ২০-২২ জুলাই, ২০২২ তারিখে জেনেভাস্থ জাতিসংঘ দপ্তরে "Intergovernmental Group of Experts on Competition Law and Policy" এর ২০ তম অধিবেশনের আলোচ্যসূচীতে "Voluntary Peer Review of Competition Law & Policy: Bangladesh" অন্তর্ভুক্ত হয়েছে। উক্ত অধিবেশনে প্রতিযোগিতা আইন ২০১২ এর Voluntary Peer Review Report উপস্থাপন করা হবে। UNCTAD থেকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এবং কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন কে উক্ত অধিবেশনে অংশগ্রহণের জন্য আমন্ত্রন জানানো হয়েছে। এ অধিবেশনেই UNCTAD এর সুপারিশসমূহ বাস্তবায়ন এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সক্ষমতা বৃদ্ধির জন্য কমিশনকে কিভাবে সহায়তা প্রদান করা যায় এ বিষয়ে UNCTAD সচিবালয়, সম্ভাব্য দাতা সংস্থা এবং বাংলাদেশ প্রতিনিধি দলের মতবিনিময় অনুষ্ঠিত হবে।

## ঐতিহাসিক ৭ই মার্চ যথাযথ মর্যাদার সাথে উদযাপন

ঐতিহাসিক ৭ই মার্চ যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ৭ মার্চ ২০২২ তারিখ বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। বাঙ্গালি জাতির স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসে ৭ মার্চ এক অনন্য দিন। ঐতিহাসিক দিবসটি উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। পরবর্তী কর্মসূচির অংশ হিসেবে কমিশনের সভাকক্ষে বিকাল ২.৪৫ মিনিটে বঙ্গবন্ধুর দেওয়া ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ভিডিও প্রদর্শন করা হয়। এ সময় কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম বাংলাদেশের স্বাধীনতায় বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ভূমিকা, অবদান, গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোচনা করেন। তিনি বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন বাস্তবায়নে বঙ্গবন্ধুর আর্দশ বুকে ধারণ করে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সকলকে নিজ নিজ দায়িত্ব পালনে সচেষ্ট থাকার আহ্বান জানিয়ে কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন।




যথাযথ মর্যাদার সাথে ঐতিহাসিক ৭ই মার্চ পালন

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২২ যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ১৭ মার্চ ২০২২ তারিখ বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। দিবসটি উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। পরবর্তী কর্মসূচির অংশ হিসেবে কমিশনের কর্মকর্তাবৃন্দ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে (টিসিবি মিলনায়তনে) আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদান করেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি এবং সভাপতিত্ব করেন বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ।






জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উদযাপন

## BIWTA, লঞ্চ মালিক সমিতিসহ সকল অংশীজনের সাথে মতবিনিময় সভা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে BIWTA, লঞ্চ মালিক সমিতিসহ সকল অংশীজনের সাথে একটি মতবিনিময় সভা বিগত ২৪ মার্চ ২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব ড. আ ন ম বজলুর রশীদ, বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ ইউসুফ, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) উপপরিচালক জনাব জনাব লতিফা পারভীন, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) সহকারী পরিচালক জনাব মোঃ মঞ্জুর এ খোদা, নৌপরিবহন অধিদপ্তরের চীফ ইন্সপেক্টর মোঃ শফিকুর রহমান, বিআইডব্লিউটিএর পরিসংখ্যান কর্মকর্তা মিজানুর রহমান এবং লঞ্চ মালিক সমিতি বাংলাদেশের যুগ্ম সাধারন সম্পাদক জনাব মোঃ মনিরুজ্জামান মনিরসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ।



BIWTA, লঞ্চ মালিক সমিতিসহ অন্যান্য অংশীজনের সাথে মতবিনিময় সভা

## মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস মার্কেট বিষয়ক ভ্যালিডেশন সেমিনার

পন্য ও সেবার ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস মার্কেট সম্পর্কে সমীক্ষা পরিচালনাপূর্বক পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়ন দল-০৪ (চার) কর্তৃক দাখিলকৃত খসড়া প্রতিবেদনের উপর ভ্যালিডেশন সেমিনার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ২৪ এপ্রিল ২০২২ তারিখ রবিবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। ভ্যালিডেশন সেমিনারে পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়ন দল-০৪ (চার)-এর আহ্বায়ক ছিলেন কমিশনের সচিব জনাব মোঃ আব্দুস সবুর। সেমিনারে দল-০৪ এর পক্ষে খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন কমিশনের সহকারী পরিচালক (গবেষণা) জনাব ইশরাক মুহম্মদ অন্তিক। সেমিনারে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণ, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ জাফরুল ইসলাম আজিজি, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের পরিচালক লে. কর্ণেল এস. এম. রেজাউর রহমান, বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক জনাব হাফিয়া তাজরিয়ান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সিনিয়র সহকারী পরিচালক জনাব মহিদুল চৌধুরী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব জান্নাতুল ফেরদৌস, দৈনিক সমকাল এর সিনিয়র রিপোর্টার জনাব শেখ আবদুল্লাহ, দ্যা ডেইলি স্টার এর রিপোর্টার জনাব সুকান্ত হালদার, ফিনান্সিয়াল এক্সপ্রেস এর রিপোর্টার জনাব রেজাউল করিম, বি এস এস এর সিনিয়র করেস্পন্ডেন্ট জনাব এস এম রশিদুল ইসলাম, দৈনিক মানবজমিনের কূটনৈতিক করেস্পন্ডেন্ট জনাব মিজানুর রহমান, দৈনিক ইত্তেফাকের রিপোর্টার জনাব সমীর কুমার দেসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ/গণমাধ্যম কর্মীগণ।



মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস মার্কেট বিষয়ক ভ্যালিডেশন সেমিনার

মুজিব শতবর্ষ MUJIB 100

# “মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি”

## উপদেষ্টা পরিষদ

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

**সালমা আখতার জাহান**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**মোঃ মাহবুব আলম**
উপপরিচালক

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক

**নাঈমুর রহমান**
সহকারী পরিচালক

**মোঃ আহাদুর রহমান**
ব্যক্তিগত সহকারী

Competition for growth
Bangladesh Competition Commission

প্রকাশনায় :
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন : +৮৮ ০২ ৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স : +৮৮ ০২ ৫৮৩১৫৫৮৭
ই-মেইল : secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল : ডিসেম্বর, ২০২২

প্রতিযোগিতায় প্রবৃদ্ধি